JUN 09 200[illegible]

দৈনিক সংবাদ



*শনিবার বুয়েটে ছাত্রী হত্যার পর ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলসহ বিভিন্ন হলে বিডিআর ও পুলিশ তল্লাশি চালায়। তল্লাশির আগে হল ঘেরাও করে থাকার দৃশ্য* —সংবাদ

# ঢা.বি'র ৩টি হলে যৌথ অভিযান, আটক অর্ধশত

**বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ** বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) ছাত্রী নিহত হওয়ার জের ধরে শনিবার পুলিশ- বিডিআর যৌথ তল্লাশি চালিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু, এসএম ও সূর্য সেন হল থেকে ২ ছাত্রদল নেতা, ১ ছাত্র ইউনিয়ন নেতাসহ অর্ধশতাধিক ছাত্রকে আটক করেছে। এ সময় এসএম হল থেকে পুলিশ ১০ রাউন্ড রাইফেলের গুলি উদ্ধার করে। এ সুযোগে হল ফাঁকা পেয়ে ছাত্রদলের লাল্টু গ্রুপ এসএম হল দখল করে। এর আগে এসএম হল টগর গ্রুপের দখলে ছিল।

দুপুরে বুয়েট ক্যাম্পাসে টেন্ডারবাজিকে কেন্দ্র করে ছাত্রদলের দু'গ্রুপের সংঘর্ষে ছাত্রী নিহত হওয়ার পর পুলিশ-বিডিআর একযোগে ৩টি হলে তল্লাশি চালায়। এ ঘটনায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু, সূর্য সেন ও এসএম হলের ছাত্রদল ক্যাডাররা জড়িত সন্দেহে এ অভিযান চালানো হয় বলে গোয়েন্দা সূত্রে জানা যায়। বিকেল ২টা ৪৫ মিনিটে পুলিশ এসএম হল কর্ডন করে হলের প্রতিটি কক্ষে তল্লাশি চালায়। এ সময় জাকির, ইমাম, আশরাফুল, মাহবুব, মাসুদ, নাসিরসহ ২৫ জন ছাত্র, গেস্ট ও কর্মচারীকে আটক করা হয়। এদের মধ্যে ৪ জন হলের ছাত্র, বাকিরা অন্য হলের ছাত্র ও অতিথি। এ সময় পুলিশ পরিত্যক্ত অবস্থায় ১০ রাউন্ড গুলি উদ্ধার করে। হল তল্লাশির পরপরই লাল্টু গ্রুপ এসএম হল বিনা রক্তপাতে দখল করে নেয়। একই সময় বঙ্গবন্ধু হল থেকে পুলিশ ছাত্রদলের কেন্দ্রীয় সহ-সম্পাদক মাসুদ, আটক ঃ পৃঃ ২ কঃ ১

## আটক ঃ অর্ধশত

(১২-এর পৃষ্ঠার পর)

ছাত্র ইউনিয়নের কবির, ডিইউডিএস সভাপতি ইকবালসহ ১৪ জন ছাত্রকে আটক করে। হলের বিভিন্ন কক্ষে তল্লাশিকালে পুলিশ সাধারণ ছাত্রদের সঙ্গে দুর্ব্যবহার করে বলে ছাত্ররা অভিযোগ করেছে। বুয়েটের ঘটনার সঙ্গে এ হলের বহিরাগত ক্যাডার মুকুল জড়িত রয়েছে বলে পুলিশ জানায়।

বিকেল ৫টায় পুলিশ-বিডিআর সূর্য সেন হল কর্ডন করে ছাত্রদল হল শাখার সাংগঠনিক সম্পাদক সাইদসহ ১৫ জন নিরীহ ছাত্রকে আটক করে। এদের মধ্যে অধিকাংশই প্রথমবর্ষের ছাত্র। হল তল্লাশিকালে লাল্টু গ্রুপের পলাশ একদল কর্মী নিয়ে সূর্য সেন ও বঙ্গবন্ধু হলে প্রবেশের চেষ্টা করে; কিন্তু হল প্রাধ্যক্ষরা তাদের বাধা দেন।

এদিকে ছাত্র ইউনিয়ন এক বিবৃতিতে সংগঠনের সহ-সভাপতি শেখ কবির হোসেনসহ সাধারণ ছাত্রদের গ্রেফতারের নিন্দা জানিয়েছে।